

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
জাতিসংঘ-৪ অধিশাখা
www.erd.gov.bd

নং-০৯.০০.০০০০.১০৬.১৪.০১৭.১৮-১৭

তারিখ: ১৭ ফাল্গুন ১৪২৪
০১ মার্চ ২০১৮

প্রজ্ঞাপন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার জাতীয় উন্নয়নের বিভিন্ন ক্ষেত্রে অনিবাসী বাংলাদেশীদের (Non-resident Bangladeshi-NRB) সম্পৃক্ততা বৃদ্ধির লক্ষ্যে একটি প্রাতিষ্ঠানিক কাঠামো প্রণয়ন এবং পরবর্তী করণীয় নির্ধারণের জন্য নিম্নরূপভাবে একটি টাস্কফোর্স (Task-Force) গঠন করেছে:

ক. টাস্কফোর্সের গঠনঃ

১। অতিরিক্ত সচিব (জাতিসংঘ), অর্থনৈতিক সম্পর্ক বিভাগ	- আহ্বায়ক
২। জনাব এ. কে, আব্দুল মোমেন, জাতিসংঘে বাংলাদেশের সাবেক স্থায়ী প্রতিনিধি	- সদস্য
৩। প্রতিনিধি, প্রধানমন্ত্রীর কার্যালয়	- সদস্য
৪। প্রতিনিধি, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়	- সদস্য
৫। প্রতিনিধি, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়	- সদস্য
৬। প্রতিনিধি, অর্থ বিভাগ	- সদস্য
৭। প্রতিনিধি, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ	- সদস্য
৮। প্রতিনিধি, এটুআই কর্মসূচি, প্রধানমন্ত্রীর কার্যালয়	- সদস্য
৯। প্রতিনিধি, জাতিসংঘ উন্নয়ন সংস্থা, বাংলাদেশ	- সদস্য
১০। প্রতিনিধি, এফবিসিসিআই	- সদস্য
১১। উপ সচিব (জাতিসংঘ-৪), অর্থনৈতিক সম্পর্ক বিভাগ	- সদস্য-সচিব

খ. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, মুখ্য সমন্বয়ক (এসডিজি বিষয়ক), প্রধানমন্ত্রীর কার্যালয় এবং সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ উক্ত টাস্কফোর্স-এর উপদেষ্টা হবেন।

গ. উপকারভোগী সংস্থা (Beneficiary Organization) হিসেবে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, কারিগরি ও মাদুরাসা শিক্ষা বিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (BIDA), বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (BEZA), বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল কর্তৃপক্ষ (BEPZA) ইত্যাদি সংস্থার প্রতিনিধিগণ অনিবাসী বাংলাদেশীদের সম্পৃক্তকরণের ক্ষেত্রে টাস্কফোর্সের সহযোগী সদস্য হিসেবে সম্পৃক্ত থাকবেন।

ঘ. টাস্কফোর্সের কার্যপরিধি:

- টাস্কফোর্স অনিবাসী বাংলাদেশীদের সম্পৃক্ততা সংক্রান্ত নীতি নির্ধারণ ও প্রাতিষ্ঠানিক কাঠামো প্রণয়নের বিষয়ে সরকারের নিকট সুপারিশ পেশ করবে;
- টাস্কফোর্স জাতীয় উন্নয়নে অনিবাসী বাংলাদেশীদের সম্পৃক্তকরণের বিষয়ে কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন করবে;
- টাস্কফোর্স প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে কিংবা কার্য-সংশ্লিষ্ট যে কোন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার প্রতিনিধিকে সভায় আমন্ত্রণ জানাতে পারবে;

